



যদি আপনি সমন পান এবং আপনার সম্পত্তি নিয়ে নেওয়া হয়

আপনার সম্পত্তি কি নিয়ে নেওয়া হয়েছিল?:

যখন নির্দিষ্ট কিছু সমন জারি করা হয়, তখন কর্তৃপক্ষ আপনার গাড়ি, ভ্রাম্যমান খাবার বিক্রির কার্ট বা ট্রাক, ইলেকট্রনিক বাইক বা মোটরচালিত স্কুটারের মতো সম্পত্তিও সরিয়ে দিতে পারে। এই ক্ষেত্রে, আপনার সম্পত্তি ফিরে পেতে একটি প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

আপনি সমনের বিরুদ্ধে আপত্তি জানাতে পারেন:

আপনার পাওয়া সমনের বিরুদ্ধে আপত্তি জানানোর জন্য "দ্রুত শুনানির" অধিকার আপনার আছে। এর অর্থ হল আপনার সমনে মুদ্রিত শুনানির তারিখের আগে আপনার শুনানি হতে পারে।

1. **দ্রুত শুনানির জন্য**, আপনাকে (844) 628-4692 নম্বরে কল করে অথবা ClerksOffice@oath.nyc.gov এ ইমেল করে OATH-এর সাথে অবশ্যই যোগাযোগ করতে হবে।
2. OATH আপনাকে দ্রুত শুনানির তারিখ এবং সময় সম্পর্কে অবহিত করবে (সাধারণত অনুরোধ পাওয়ার 72 ঘন্টার মধ্যে)। কিছু লঙ্ঘনের জন্য, যে অফিসার সমন জারি করেছেন তিনি শুনানিতে উপস্থিত হবেন।
3. শুনানির কিছুক্ষণ পরেই, আপনি একজন OATH শুনানি অফিসারের কাছ থেকে একটি সিদ্ধান্ত পাবেন যিনি সিদ্ধান্ত নেবেন যে আপনার সমন "খারিজ" করা হবে নাকি আপনাকে "লঙ্ঘনকারী" বলে বিবেচনা করা হবে।

আপনি সমনের সাথে একমত হতে পারেন এবং জরিমানা পরিশোধ করতে পারেন।

কিছু সমনের ক্ষেত্রে, আপনার কাছে লঙ্ঘন স্বীকার করার এবং শুনানি ছাড়াই সমনে উল্লিখিত জরিমানা পরিশোধ করার বিকল্প থাকতে পারে। এটি করার জন্য, আপনাকে আপনার সমন নম্বর প্রদান করতে হবে।

আপনি [অনলাইনে](#), ডাকযোগে (আপনার পেমেন্ট ডাকযোগে এই ঠিকানায় পাঠাতে পারেন: Finance

Commissioner, City of New York, PO Box 4199, Church Street Station, New York, NY 10261-4199) OATH-এর

যেকোনো অবস্থানে নিজে উপস্থিত হয়ে জরিমানা পরিশোধ করতে পারেন। পেমেন্ট বা সময়সূচি নির্ধারণ

সংক্রান্ত সমস্যা সম্পর্কে প্রশ্নের জন্য clerksoffice@oath.nyc.gov ঠিকানায় ইমেল করুন।

আমি যে সমন(গুলি) পেয়েছি তা বুঝতে কেউ কি সাহায্য করতে পারেন?

হ্যাঁ, OATH-এর একটি সহায়তা কেন্দ্র রয়েছে যেখানে প্রোসিডিউরাল জাস্টিস কোঅর্ডিনেটররা কাজ করেন যারা চার্জ, শুনানি প্রক্রিয়া, সম্ভাব্য জরিমানা, আপনার সম্পত্তি ফিরে পাওয়ার জন্য কোন ধাপগুলি অনুসরণ করবেন, কোনো লঙ্ঘন কীভাবে সংশোধন করবেন এবং আরও অনেক কিছু ব্যাখ্যা করতে পারেন! সহায়তা কেন্দ্রের সাথে যোগাযোগ করার নির্দেশাবলীর জন্য নীচে দেখুন।

আমি কি আমার সম্পত্তি ফিরে পেতে পারি?

যদিও বেশিরভাগ সম্পত্তি নীচের প্রক্রিয়া অনুসরণ করে আপনাকে ফেরত দেওয়া হবে, তবুও কিছু ভেঙে সম্পত্তি আছে যা সিটি রেখে দেবে। সম্পত্তি ফেরত দেওয়ার সিদ্ধান্ত নিউ ইয়র্ক সিটি আইন বিভাগ (নীচে ধাপ 7 দেখুন) দ্বারা নেওয়া হয়।

যদি আমার সম্পত্তি ফেরত পাওয়ার যোগ্য হয়, তাহলে আমি কীভাবে আমার সম্পত্তি ফেরত পেতে পারি?:

যেক্ষেত্রে আপনার সম্পত্তি ফেরতযোগ্য, সেক্ষেত্রে আপনার নিম্নলিখিতগুলি প্রয়োজন হবে:

1. লণ্ডন খারিজ করে দেওয়া অথবা আপনাকে "লণ্ডনকারী" হিসেবে চিহ্নিত করার OATH সিদ্ধান্তের একটি কপি।
2. জরিমানা পরিশোধের রসিদ, যদি থাকে।
3. গৃহীত সম্পত্তির "চালান নম্বর"। (যে পুলিশ থানা সমন জারি করেছে সেখানে যোগাযোগ করে আপনি এটি পেতে পারেন)।
4. আপনার ঠিকানা সম্বলিত আপনার ফটোযুক্ত পরিচয়পত্র।
5. গৃহীত সম্পত্তির মালিকানার প্রমাণপত্র। খেয়াল করুন যে আপনার কাছ থেকে গৃহীত সম্পত্তি অন্য কারো মালিকানাধীন হলে অতিরিক্ত প্রমাণের প্রয়োজন হতে পারে।
6. সমনের একটি কপি।
7. **বিক্রেতাদের জন্য:** আপনি উপরে তালিকাভুক্ত নথিগুলি পাওয়ার পরে, প্রতিটি নথির একটি সম্পূর্ণ এবং স্পষ্ট কপি ইমেল করুন এই ঠিকানায়: ALVendors@law.nyc.gov এবং আপনার সম্পত্তি ফেরত দেওয়ার যোগ্য কিনা, এবং যদি তা হয়, তাহলে কীভাবে আপনার সম্পত্তি পাবেন সে সম্পর্কে আপনাকে আরও নির্দেশ দেওয়া হবে।
8. **যারা বিক্রেতা নন তাদের জন্য:** আপনার সম্পত্তি পুনরুদ্ধারের জন্য আপনি প্রস্তুত হয়ে গেলে, আপনার সম্পত্তি ফিরে পেতে আপনার কী প্রয়োজন তা নিশ্চিত করতে (718) 246-2031 নম্বরে এরি বেসিন অটো পাউন্ডে (Erie Basin Auto Pound) যোগাযোগ করুন। অপ্রত্যাশিতভাবে যদি আপনার সম্পত্তিটি সেখানে না পাওয়া যায়, তাহলে আরও সহায়তার জন্য যে পুলিশ থানা সমন জারি করেছিল (যা আপনার সমনে তালিকাভুক্ত আছে) সেখানে যোগাযোগ করুন।

*** অনুগ্রহ করে খেয়াল করুন যে আইন বলবৎকারী সংস্থা আপনার সম্পত্তি নিয়ে নিয়েছিল শুধুমাত্র সেটিরই এটি ফেরত দেওয়ার ক্ষমতা আছে। ***

আরও সহায়তার জন্য, OATH-এর যেকোনো অবস্থানে সোমবার থেকে শুক্রবার, সকাল 8টা থেকে বিকাল 5টা পর্যন্ত সশরীরে, (212) 436-0845 নম্বরে টেলিফোনের মাধ্যমে, বা Manhelpcenter@oath.nyc.gov এ ইমেলের মাধ্যমে OATH হেল্প সেন্টারে যোগাযোগ করুন।

Bronx
260 E.161st Street, 6th FL
Bronx, NY 10451

Brooklyn
9 Bond Street, 7th FL
Brooklyn, NY 11201

Manhattan
66 John Street, 10th FL
New York, NY 10038

Queens
31-00 47th Avenue, 3rd FL
Long Island City, NY 11101

Staten Island
350 St. Marks Place, Main FL
Staten Island, NY 10301